



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

কুমিটোলা, ঢাকা-১২২৯

[www.caab.gov.bd](http://www.caab.gov.bd)

নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.০৩.০০১.১৭/ ১/ (৬৭৭)

তারিখ: ৫/০৮/২০২৫ খ্রি:

**‘ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন হয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'র নিম্নবর্ণিত ইজারাস্থলসমূহ বেবিচকের বিদ্যমান ইজারা নীতিমালা-২০১৯ এর আলোকে আর্থিক সন (জুলাই-জুন) বিবেচনায় ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে কার্গো কারপার্কিং প্রাথমিকভাবে ০১(এক) বছর (ইজারা নীতিমালা, ২০১৯ অনুযায়ী নবায়ন যোগ্য) ও জলাশয় নং-১০ প্রতি বছর নবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩ (তিনি) বছরের জন্য পরিচালনার নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আবেদন/দরপত্র সিডিউল প্রতি ইজারাস্থলের নামের পার্শ্বে উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) তফসিল মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সদর দপ্তর অর্থ বিভাগ, হশাআবি'র রাজস্ব বিভাগ, পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) ও পিএ টু প্রধান প্রকৌশলী'র দপ্তর হতে ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন বিভাগ, ৬ষ্ঠ তলা (5th Floor), সদর দপ্তর, পিএএবি এর দপ্তরে রাঙ্কিত দরপত্র বাস্তে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১২.৩০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

ক্র. নং	ইজারাস্থলের বিবরণ	কর্তৃপক্ষের কাংখিত ইজারামূল্য (বার্ষিক)	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	১ম বার দরপত্র দাখিলের তারিখ	১ম বার কাংখিত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র আহবানের তারিখ	২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার দরপত্র আহবানের তারিখ
১.	হয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কাস্টমস হাউসের পশ্চিম পার্শ্বে কার্গো কারপার্কিং (আয়তন ৬১,৩৮১ বর্গফুট প্রায়)	৯৯,৮০,৫৯৩/-	১৫০০/-+ভ্যাট	২৯-০৮-২০২৫ খ্রি:	১৪-০৫-২০২৫ খ্রি:	২৬-০৫-২০২৫ খ্রি:
২.	কুমিটোলা আবাসিক এলাকাস্থ জলাশয় নং-১০ (৪৫,০০০ ব: ফু:)	১,৮৮,৪৩৩/-	৫০০/-+ভ্যাট			

**শর্তাবলী:**

- ১। দরপত্র দাতাকে আর্নেস্টমানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উচ্চত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা'র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং ১ম বারে প্রাপ্ত দর কর্তৃপক্ষের কাংখিত দরের চেয়ে কম হলে ২য় বার উল্লিখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে; অনুরূপভাবে ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার উল্লিখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে।
- ৩। নিজ/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।
- ৪। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান এক বা একাধিক ইজারাস্থলের জন্য দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।
- ৫। প্রতিটি ইজারাস্থলের জন্য আলাদা আলাদা সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে।
- ৬। সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে।
- ৭। ইজারা প্রদানের ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত শর্তাবলী এবং ইজারা নীতিমালা-২০১৯ এর শর্তাবলী প্রযোজ্য হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ছাড়াই ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। কার্গো কারপার্কিং এর নির্বাচিত দরদাতা কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে (i) আধুনিক স্বয়ংক্রিয় পার্কিং বেরিয়ার সিস্টেম স্থাপন; (ii) স্বয়ংক্রিয় পার্কিং মনিটরিং সিস্টেম ব্যবহার; (iii) ৬ মাস ধারন ক্ষমতা সম্পন্ন ডাটাবেজ প্রস্তুত ও ব্যবহার এবং সংরক্ষণ; (iv) অটোম্যাটিক টিকেটিং সিস্টেম ব্যবহার; (v) Automatic Number Plate Recognition (ANPR) ক্যামেরা স্থাপন এবং (vi) অত্যাধুনিক সিস্টেম সফটওয়্যার স্থাপন (০৫ ঘন্টার অধিক সময় কোন গাড়ি পার্কিং এলাকায় থাকলে রিমাইন্ডার দেওয়া) করতে হবে।
- ১০। বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

*[Signature]*  
০৬-০৪-২৫  
(আবু ছালেহ মোঃ মুসা জগী)  
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) (অতিরিক্ত দায়িত্ব)